দৈনিক ইত্তেফাক

JUN. 20 2002

আলফাডাঙ্গা

# শিক্ষকের বেতন মোটে ৫'শ টাকা

আলফাডাঙ্গা (ফরিদপুর) থেকে সংবাদদাতা ॥ শিক্ষায় পশ্চাৎপদ ও অনগ্রসর যে সব এলাকায় সরকারী বা বেসরকারী কোন প্রাথমিক বিদ্যালয় নেই সে সব এলাকায় সরকার কমিউনিটি বিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে আলফাডাঙ্গা উপজেলার প্রত্যন্ত অঞ্চলে ১৪টি কমিউনিটি বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। এগুলো হচ্ছে দরুণা, দক্ষিণ কুসুমদি, রারইপাড়া, বিদ্যাধর, বাজড়া, বাকাইল, ভাটপাড়া, চরপাচুড়িয়া, চরখোলাবাড়িয়া, পানিপাড়া, গরানিয়া, টুনারপাড়া, পূর্ববড়ভাগ, ইকরাইল। এসব বিদ্যালয়ের শিক্ষকদের সকাল ৯টা ৩০ মিনিট হতে বিকাল ৪টা ১৫ মিনিট পর্যন্ত দায়িত্ব পালন করতে হয় অথচ মাসিক বেতন মাত্র পাঁচশত টাকা। জনৈক শিক্ষক জানান, এত অল্প বেতন তাও ৩/৪ মাস পর পর হাতে পান। যার ফলে শিক্ষকরা যথাযথ দায়িত্ব পালনের আগ্রহ হারিয়ে ফেলেন। ভারপ্রাপ্ত উপজেলার শিক্ষা অফিসার এ সীমাবদ্ধতার কথা স্বীকার করেন। তাই আলফাডাঙ্গার ১৪টি কমিউনিটি স্কুল বর্তমানে বন্ধ হবার উপক্রম হয়েছে।